প্রধানমন্ত্রী মনমোহন সিংহের বাসভবনে মধ্যাহ্নভোজে যাবেন জ্যোতি বসু। মনমোহনের বাড়িতে থাকবেন সনিয়া গান্ধীও। আর বসুর সঙ্গী হবেন সুরজিৎ, সীতারাম। এই প্রসঙ্গে বসু আজ বলেন, “কাল দুপুরবেলা কথা হবে। কতগুলো পুরনো বিষয় আছে, যা নিয়ে আলোচনা চলছে। কতগুলো নতুন বিষয়ও আছে।” দলীয় সূত্রের বক্তব্য, পুরনো বিষয়ের মধ্যে রয়েছে বিদেশি বিনিয়োগ, প্রভিডেন্ট ফান্ডের সাড়ে নয় শতাংশ সুদ ঘোষণার মমতো বিষয়গুলি। আর নতুন বিষয়গুলির ইঙ্গিত দিয়ে পরে ইয়েচুরি জানান, তাঁরা কাল কথা বলবেন কাজের বদলে খাদ্য, মিড ডে মিল প্রকল্প, একশো দিনের কাজের বিল, গ্রামীন পরিকাঠামো এবং স্বাস্থ্য ও শিক্ষার সেস নিয়ে।

কিন্তু পরিবেশ হৃদয়তাপূর্ণ রাখার জন্য দু'তরফেরই চেষ্টার খামতি ছিল না আজ। মন্ত্রিসভার বৈঠক নিয়ে বলতে গিয়ে জয়পাল রেড্ডি বা পি চিদম্বরম বারবার জানিয়ে দিয়েছেন, কোন কোন বিষয়ে তাঁরা ন্যূনতম কর্মসূচি মেনে সিদ্ধান্ত নিয়েছেন। বামেরা এই ন্যূনতম কর্মসূচি রূপায়নের জন্যই সরকারের কাছে বারবার আবেদন জানাচ্ছে। সেই অনুযায়ী আজ পোটা প্রত্যাহার করা

হয়েছে, তামিল ভাষাকে গ্রুপদী মর্যাদা দেওয়ার সিদ্ধান্ত হয়েছে ও অসংগঠিত ক্ষেত্রের আরও অনেক বেশি বিকাশের জন্য বিভিন্ন সুযোগ সুবিধার ব্যবস্থা করতে গঠিত হচ্ছে কমিশন। এর মধ্যে প্রথম দু'টি সিদ্ধান্তই কিন্তু অনেক বেশি খুশি করবে সরকারের তামিলনাড়ুর শরিকদের। সনিয়া গান্ধী নিজেই পোটার সবচেয়ে বেশি বিরোধী ছিলেন। কিন্তু এই সিদ্ধান্তগুলি নিয়ে সরকার শুধু এই সংকেতই পাঠিয়েছেন যে তারা কর্মসূচি অনুযায়ীই এগিয়ে চলেছে। সেই কারণেই সিদ্ধান্তগুলিকে বাম নেতারাও বাহবা জানিয়েছেন।

এর পাশাপাশি মন্ত্রিসভা আজ আর এক দফা মহার্ঘভাতা ঘোষণা করেছে ও মূল্যবৃদ্ধি রোধের জন্য কিছু ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এই সিদ্ধান্তগুলি অবশ্যই বামেদের খুশি করবে। তা ছাড়া মন্ত্রিসভার আলোচ্যসূচিতে থাকলেও টেলিকমে বিদেশি বিনিয়োগ বাড়ানোর বিষয়টি শেষপর্যন্ত আজকের বৈঠক থেকে বাদ যায়। সরকার আজই টেলিকমে বিদেশি লাগি বাড়ানোর সিদ্ধান্ত নিলে বামেরা কিছুটা কোনঠাসা অবস্থায় পড়তেন। কারণ দীর্ঘদিন ধরে বিষয়টির প্রকাশ্য বিরোধিতা করে আসছেন বামেরা।

মন্ত্রিসভা বৈঠকের বাইরে পোটা-প্রত্যাহার নিয়ে বলতে গিয়ে শিবরাজ পাটিলও আজ বলেন, “আমরা কথা দিয়েছিলাম, ন্যূনতম অভিন্ন কর্মসূচিতেও ছিল যে পোটা প্রত্যাহার করা হবে। তাই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।” মন্ত্রিসভা কিন্তু সিদ্ধান্ত না নিলেও পোটা-আইনের মেয়াদ অক্টোবরেই ফুরিয়ে যেত। পোটার ক্ষেত্রেও মন্ত্রিসভা বিতর্কিত আইনটি তুলে দিয়ে প্রয়োজনীয় কয়েকটি ধারা এখন বেআইনি কার্যকলাপ নিবারণ আইনের অন্তর্ভুক্ত করে নিচ্ছে। যেভাবে পরিবর্তন করা হচ্ছে তার ফলে সরকারের শরিক সমর্থক সব রাজনৈতিক দলই খুশি।

তবু কাল বাম-কংগ্রেস আলোচনায় অবশ্য দু'একটি অপ্রিয় বিষয় আসার সম্ভাবনা থাকছে। এই বিষয়গুলির মধ্যে রয়েছে যোজনা কমিশনে আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিদের রাখা ও মনমোহন সিংহের একটি মন্তব্যও। সম্প্রতি সাংবাদিক বৈঠকে মনমোহন বলেছিলেন, তিনি শিক্ষাজগতে দক্ষিণ বা বাম মৌলবাদ কোনওটাকেই প্রশ্রয় দেবেন না। এই ‘বাম মৌলবাদ’ প্রসঙ্গে উদ্গাও কাল জানাতে পারেন বসু।

● বিদেশি লাগি প্রসঙ্গ উঠল না... পৃঃ ৮

AMENDED ACT TO DEFINE TERRORISM

# Cabinet okays Pota repeal

Statesman News Service

## 3 per cent DA hike

NEW DELHI, Sept. 17. — The Union Cabinet today announced repeal of the Prevention of Terrorism Act, 2002, and amendment of the Unlawful Activities (Prevention) Act, 1967, and said that two Ordinances would soon be promulgated.

The Union home minister, Mr Shivraj Patil, told a press conference that the Pota review committee would, however, continue for one year to examine all cases pending in the courts or at various stages of investigation.

"Whenever in the opinion of the Review Committee, no prima facie case is made out either in respect of cases pending in courts, or under investigation, such cases shall be deemed to have been withdrawn and investigations closed, as the case may be," he said. No court shall take cognisance of an offence registered under Pota after one year of its repeal.

The Review Committee is being given the powers of a civil court in matters of production of a document or public record to strengthen its hands in expeditiously handling the cases under Pota.

As many as 217 cases are being investigated under Pota and 116 cases are under trial. These will be reviewed by the committee. It will also recommend their continuation or withdrawal within a period of one year from the date of repeal of the law, a home ministry official said.

As part of the government's resolve to fight terrorism at every level, the Unlawful Activities (Prevention) Act, 1967, will be amended to incorporate certain provisions considered necessary to deal with various facets of terrorism, Mr Patil said.

The provision of the proposed Ordinance to amend the 1967 Act defines a terrorist act, provides for banning a terrorist organisation and its support system including funding of terrorism, attachment and forfeiture of proceeds of terrorism.

NEW DELHI, Sept. 17. — In view of the rise in price index in recent months, the Cabinet today increased the Dearness Allowance for Central government employees by 3 per cent with retrospective effect from July 2004 from the existing rate of 11 per cent. Those drawing pension will also benefit.

The revision of DA is calculated on the basis of the increase by percentage in 12 months of the All-India Consumer Price Index for industrial workers with 1996 index of 306.33 as the base.

The additional burden on the public exchequer is estimated at Rs 1,608.39 crore in one year. For the current financial year the government will incur additional expenditure on the raised DA by Rs 1,072.38 crore since the hike will be effective from July 2004. — SNS

**More steps to curb inflation: page 9**

The law will be binding on all states, the minister said. It will apply to all cases in Jammu and Kashmir as well.

Mr Patil said that the 32 organisations, which were banned under Pota, would continue to remain unlawful under the new law. But no new organisations would be banned.

He said three aspects of Pota were Draconian in nature — police confession, stringent bail provisions and the fact that the onus of proving innocence was on the accused.

**Vaiko meets PM:** The MDMK general secretary, Mr Vaiko, who was in prison for 18 months under Pota, today welcomed the Cabinet's decision. "I am happy that the Draconian law has gone," he said after meeting the Prime Minister.

The BJP today lambasted the UPA government, describing the Cabinet's decision as "politically motivated". The party accused the Centre of compromising with the essentials of national security.

**Now what, wonder Pota detainee kin:**

9-P.P  
UPA  
8.9.17

# Left keen on Centre remaining within CMP 179

By Our Special Correspondent

**CHENNAI, SEPT. 16.** The struggle of the working class will have to intensify to put pressure on the United Progressive Alliance (UPA) Government at the Centre to remain within the Common Minimum Programme (CMP). During the previous rule, the struggle of employees was to change the policies of the Government, the leader of the CPI(M) Parliamentary Party, Basudeb Acharya, said today.

The Left had laid down one condition for the new Government and that was it should confine itself to the CMP. The Government was being repeatedly told not to follow the policies pursued by the earlier Government. Otherwise, it would also meet the fate of the earlier BJP-led Government.

"Our objective is that a Gov-

ernment that has been formed should implement the policies incorporated in the CMP. What we want is that the UPA Government should implement those policies pertaining to the people of the country."

In this context, he explained that the Left was against the reduction of the interest rate in Employees Provident Fund (EPF). The EPF was a social security for people and hence "we demand that social security of the people of the country should be considered as a fundamental right."

The mandate of the people in the Lok Sabha elections was not only for a change in the governance but it was for a change in the policies which were being pursued by the earlier Government. "The mandate was not in favour of any political party. But the people of the country re-

sponded to our call that representation of the Left parties in the Lok Sabha should be increased. The Government will have to rest on the support of the Left. The people responded," he said.

### 'Fascist manner'

Mr. Acharya lashed out at the AIADMK Government in Tamil Nadu for its action against Government employees in a "fascist manner" during their agitation. The entire working class in the State taught the AIADMK and its allies a lesson in the Parliamentary elections that "fascist action cannot be tolerated by people."

The CPI (M) leader was speaking at a meeting organised by the Joint Action Committee of Audit and Accounts Employees and Officers Organisations, Tamil Nadu.

# চিদম্বরমের সিদ্ধান্তের উপরেই আস্থা মারানোর টেলিকমে বিদেশি লগ্নি নিয়ে বৈঠক আজ

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ১৬ অগস্ট: তীব্র বাম বিরোধিতার মধ্যেই আগামী কাল মন্ত্রিসভার বৈঠকে পেশ হচ্ছে টেলিকম শিল্পে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ বাড়ানোর বিষয়টি। টেলিকমে ৪৯ শতাংশ থেকে একলাফে ৭৪ শতাংশে বিদেশি বিনিয়োগের সীমা বৃদ্ধি করা হবে, চলতি বছরের বাজেটে অর্থমন্ত্রী চিদম্বরম এই আশ্বাস দেওয়ার পরেই বামপন্থীরা সরকারের প্রকাশ্য বিরোধিতায় নেমে পড়েন। সেই চাপের কাছে সরকার আগামী কাল নতিস্বীকার করে কি না তারই পরীক্ষা হবে মন্ত্রিসভার এই গুরুত্বপূর্ণ বৈঠকে। বৈঠকের আগের দিন অবশ্য কেন্দ্রীয় টেলিকম মন্ত্রী দয়ানিধি মারান পরিষ্কার জানিয়ে দিয়েছেন, অর্থমন্ত্রীর ঘোষণাই চূড়ান্ত। তাঁর সিদ্ধান্তের উপরেই আস্থা রাখবেন মারান।

বামপন্থীদের বিরোধিতার মুখে সমঝোতাসূত্র হিসাবে ধাপে ধাপে বিদেশি বিনিয়োগ বাড়াতে পারে, সংশ্লিষ্ট মন্ত্রক সূত্রে এমন ইঙ্গিত মিলেছে। ওই সমঝোতার সার বক্তব্য, বিনিয়োগের সীমা বর্তমানের মাত্র ৪৯ শতাংশ থেকে বাড়িয়ে ৫১ শতাংশ করা হোক। তারপর আগামী দেড় বছরে তা বাড়িয়ে ৭৪ শতাংশে নিয়ে যাওয়া হবে।

তবে এ দিন অবশ্য কেন্দ্রীয় টেলিকম মন্ত্রী দয়ানিধি মারান সাফ জানিয়ে দিয়েছেন, তাঁর সমর্থন অর্থমন্ত্রীর প্রতি। তিনি বলেন, টেলিকমে অর্থমন্ত্রী বিদেশি বিনিয়োগ ৭৪ শতাংশে বেঁধে দেওয়ার ঘোষণা করেছেন, তা নিয়ে তিনি চিদম্বরমের সঙ্গে একমত। এ বিষয়ে অর্থমন্ত্রীর মতই চূড়ান্ত বলে মন্তব্য করেন মারান। টেলিকম মন্ত্রীর বক্তব্য, চিদম্বরম আর তিনি শুধু যে এক সরকারের মন্ত্রী তাই নন, তাঁরা এক রাজ্যেরও বটে। তিনি অর্থমন্ত্রীর সিদ্ধান্ত মানতে বাধ্য।

এ বিষয়ে বাম বিরোধিতা প্রসঙ্গে টেলিকম মন্ত্রী বলেন, প্রয়োজনে অর্থমন্ত্রী বামপন্থীদের লগ্নির মাত্রা বাড়ানোর প্রয়োজনীয়তা বুঝিয়ে বলতে পারেন।

তবে এক দফায় ৪৯ থেকে ৭৪ শতাংশে বিদেশি লগ্নির মাত্রা না-বাড়িয়ে দুই ধাপে তা বাড়ানো হবে কি না, এই প্রশ্নে মারান কোনও উত্তর দেননি। মন্ত্রিসভার বৈঠকের আগের দিন সংশ্লিষ্ট মন্ত্রকে অবশ্য জল্পনা জমে উঠেছে ঠিক তা নিয়েই।

সংশ্লিষ্ট মন্ত্রক সূত্রে জানা গিয়েছে, টেলিকম মন্ত্রকও বিদেশি লগ্নির সীমা বাড়ানোর বিরোধী ছিল। মন্ত্রিসভার বৈঠকের আগে মতানৈক্য দূর করতে বৃহস্পতি অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনায় বসেন টেলিকম

মন্ত্রী। পরে যোজনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান মনটেক সিংহ অহলুওয়ালিয়া ও ট্রাইয়ের চেয়ারম্যান প্রদীপ বাইজলকে নিয়ে দুই মন্ত্রী বৈঠক করেন প্রধানমন্ত্রীর সঙ্গে। দুই মন্ত্রকের মতপার্থক্য দূর করতে প্রধানমন্ত্রী নিজেও সচেষ্ট হন। তবে ধাপে ধাপে বিনিয়োগের মাত্রা বাড়ানোর সমঝোতাসূত্র মেলাবার জন্য বামপন্থীদের চাপও বেশ কিছুটা দায়ী বলে সংশ্লিষ্ট মন্ত্রক সূত্রে জানা গিয়েছে।

দেশে বিমান পরিবহণে বিদেশি লগ্নিতে আপত্তি। পি টি আই জানাচ্ছে, অভ্যন্তরীণ বিমান পরিবহণ সংস্থায় বিদেশি অংশীদারির বিরোধিতা করেছে অসামরিক বিমান পরিবহণ মন্ত্রক। অর্থ মন্ত্রকের তরফ থেকে এ ব্যাপারে বিমান মন্ত্রকের সুপারিশ চেয়ে পাঠানো হয়েছে। তবে বিমান মন্ত্রকের মত হল, “বিদেশি সংস্থার হাতে দেশীয় বিমান সংস্থার মালিকানা গেলে ভারতের বাজারে তারা প্রবেশাধিকার পেয়ে যাবে। এটা কাম্য নয়।” জানানো হয়েছে, দেশের সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেরই পেশাদারি দক্ষতার সঙ্গে সংস্থা পরিচালনার ক্ষমতা রয়েছে। বিমান মন্ত্রক বলেছে, অর্থ মন্ত্রককে তাঁরা এই অভিমত ‘যথাসময়ে’ জানিয়ে দেবেন।



# Soren's return on the cards

Shahid Pervez in New Delhi

Sept. 14. — The former Union minister and Jharkhand Mukti Morcha (JMM) president, Mr Sibu Soren, is likely to be re-inducted in the UPA ministry once the Prime Minister effects his long-pending Cabinet reshuffle.

The expansion of the Union Council of Ministers seems to have been deferred till the completion of Maharashtra elections next month.

A senior Congress leader said Mr Soren has now got bail in the 1975 Churudih massacre case and that the

JMM slot in the Manmohan Singh ministry is vacant. The issuance of a non-bailable arrest warrant in this case by a Jharkhand court had forced Mr Soren to go underground, quit his post as the coal and mines minister and then surrender to the court. Mr Soren had been in judicial custody since 2 August until the Jharkhand High Court granted him bail on 3 September.

The AICC leader said the PM's prerogative in designing his Cabinet is "restrained" by "coalition compulsions". "The PM could not deny the JMM its quota of a Cabinet berth since the party, with 5 MPs, is a part

of the ruling UPA. The PM is also not supposed to ask the JMM who will be its nominee," he said. Moreover, the PM could not be expected to adopt "double standards" over Mr Soren vis-a-vis the RJD chief, Mr Lalu Prasad, and other "tainted ministers", who are now out on bail with regard to their separate criminal cases.

Congress circles said that legally there will be no bar on Mr Soren joining the government as he hasn't been convicted. "And even morally, the code of conduct on tainted ministers is yet to be worked out through a political consensus as suggested by Dr Manmohan Singh," said a leader.

# সোনিয়া, মনমোহনের সঙ্গে বৈঠক ইয়েচুরির খুশি হয়ে বললেন, এভাবেই সরকার চলে

আজকালের প্রতিবেদন: দিল্লি, ১৩ সেপ্টেম্বর—  
বামপন্থীদের সঙ্গে সরকারের সমঝয় নিয়ে নিজে থেকেই  
উদ্যোগী হলেন প্রধানমন্ত্রী ড. মনমোহন সিং। ইউ পি এ  
চেয়ারপার্সন সোনিয়া গান্ধীর পরামর্শ অনুযায়ী প্রধানমন্ত্রী  
নিজেই তদারকি করতে শুরু করেছেন। সিদ্ধান্ত  
নিয়েছেন, সমস্যা দেখা দিলেই তিনি নিজে হস্তক্ষেপ করে  
মেটাবেন। এরকম জটিল সমস্যা সমাধানের পথে আজ  
কিছুটা এগিয়েছেন প্রধানমন্ত্রী। এ জন্য তিনি প্রাক্তন  
প্রধানমন্ত্রী বিশ্বনাথপ্রতাপ সিংয়েরও সাহায্য নেন।  
বামপন্থীদের সঙ্গে ইউ পি এ সরকারের সমঝয়ের ক্ষেত্রে  
নেপথ্যে ভূমিকা আছে ডি পি-র। মৌলিক নীতির ক্ষেত্রে  
ও জটিলতা মেটানোর বিষয়ে ডি পি  
সব সময়ই কথা বলেন সোনিয়ার  
সঙ্গে। কালেভদ্রে সামনে আসেন।  
বামপন্থীদের সঙ্গে সমঝয় কমিটি  
গড়ার আগে এ ব্যাপারে মূল প্রস্তাবক  
ছিলেন ডি পি-ই। আজ রেসকোর্সে  
প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে ছিলেন ডি

পি, সীতারাম ইয়েচুরি এবং সি পি আই নেত্রী অমরজিৎ  
কাউর। বিষয় ছিল, দিল্লিতে দূষণ রুখতে সওয়া লাখ  
কারখানা সরিয়ে দেওয়ার কর্মসূচি। অন্যদিকে আজ  
কংগ্রেস মুখপাত্র আনন্দ শর্মা বলেন, বাম দলগুলি ও  
আমরা ইউ পি এ-র অভিন্ন নীতি ও কর্মসূচি রূপায়ণে  
দায়বদ্ধ। আমাদের জোট এন ডি এ-র মতো ক্ষমতায়  
থাকার জন্যই গড়ে ওঠেনি। গড়ে উঠেছে সুনির্দিষ্ট কিছু  
নীতির ভিত্তিতে। সমস্যা দেখা দিলে তার সমাধানের  
পথও আছে। বৈঠকে প্রধানমন্ত্রী ডি পি ও বাম নেতাদের  
কথা দেন। কাল মুখ্যমন্ত্রী শীলা দীক্ষিত ও নগরোন্নয়ন মন্ত্রী  
গুলাম নবি আজাদকে ডেকে আলোচনা করবেন। গুলাম  
নবি ও দীক্ষিত নিজেদের মধ্যে কথা বলে সিদ্ধান্ত নেবেন।  
ডি পি, সীতারাম ও অমরজিৎ প্রধানমন্ত্রীকে বলেন,  
কারখানাগুলি উঠে গেলে শ্রমিক-কর্মচারী সমেত বিস্তীর্ণ

শিল্প এলাকার ৩৫ লাখের বেশি লোকের জীবিকা বিপন্ন  
হবে। সুপ্রিম কোর্টও সমস্ত কারখানা সরানোর বাধ্যতা  
আরোপ করেনি। মাস্টার প্ল্যান ঠিকমতো লাগু করলেই  
সমস্যা হবে না। এ জন্য রাজ্য ও কেন্দ্রের তরফ থেকে  
আদালতের কাছে তাদের মতামত জানাতে হবে। যতদিন  
না মীমাংসা হচ্ছে, ততদিন স্থিতাবস্থা বজায় রাখতে বলেন  
ডি পি। চীন সফর থেকে ফিরে সি পি এম নেতা ইয়েচুরি  
কাল সন্ধ্যায় সোনিয়ার সঙ্গে বৈঠকে বসেন। ১ ঘণ্টার  
বৈঠকে সরকারের কিছু অনড় আচরণ নিয়ে কথা বলেন  
ইয়েচুরি। মনমোহনকে সোনিয়া যে বামদের ক্ষোভে কান  
দিতে বলেছেন, তাতে সন্তোষ জানিয়ে ইয়েচুরি বলেন,

## বসু-সোনিয়া বৈঠক

ইউ পি এ-র চেয়ারপার্সন সোনিয়া  
গান্ধীর সঙ্গে জ্যোতি বসুর বৈঠক  
১৭ সেপ্টেম্বর, বিকেল পাঁচটায়।  
সোনিয়ার বাড়িতে।

জোট এভাবেই চলে। বিরোধীরা  
আমাদের সঙ্গে সরকারের সম্পর্কে  
চিড় ধরেছে বলে যত প্রচারই করুক,  
আসলে মোটেই তা নয়। তিনি বলেন,  
বুদ্ধদেববাবু বা জ্যোতিবাবু যা  
বলেছেন, আমাদের প্রত্যেকের মুখেই  
সে কথা শুনবেন। বুদ্ধদেব বলেছেন,  
সরকার অভিন্ন কর্মসূচি রূপায়ণ না করলে আমরা সমর্থন  
করব না। খুব স্বাভাবিক কথা। যতক্ষণ সরকার কর্মসূচি  
রূপায়ণ করে যাবে ততক্ষণ আমরা সমর্থন করব।  
যেভাবেই বলুন, ঘটনাটা একই। মোর্চার সরকার  
এভাবেই চলে। গণতন্ত্রে ভিন্নমত প্রকাশ করা মোটেই  
ভুল নয়। বরং করাটাই গণতন্ত্র। সীতারাম জানান, ২৭  
তারিখ নাগাদ সমঝয় কমিটির পরের বৈঠক হতে পারে।  
ওই বৈঠকে তাঁরা মূল্যবৃদ্ধির ওপর নিয়ন্ত্রণ, যোজনা  
কমিশনে বিদেশি সদস্যদের ঢোকানো, ১০০ দিনের  
রোজগার, পি এফের সুদ ইত্যাদি বিষয়ে সরকারের  
অবস্থান জানতে চাইবেন। তিনি জানান। জ্যোতি বসু  
পলিটবুরো বৈঠকের সময় দিল্লিতে থাকবেন। ১৭ বা  
১৮ সেপ্টেম্বর তিনি বৈঠক করতে পারেন প্রধানমন্ত্রীর

এরপর ৬ পাতায়

# Keep Left sensibilities in mind, Manmohan tells economic advisers

107  
1/9/04  
S.S.K.

By Our Special Correspondent

NEW DELHI, SEPT. 13. The Prime Minister, Manmohan Singh, is reported to have cautioned his economic advisers that they will have to be necessarily mindful of the Left parties' sensibilities.

This word of advice has come in the wake of the Left's opposition to the Planning Commission's move to seek

the advice of the World Bank consultants.

It is learnt that Dr. Singh is not exactly happy with the manner in which the Planning Commission Deputy Chairperson, Montek Singh Ahluwalia, handled the controversy.

Dr. Singh has told his advisers that "2004 is not 1991." All decision-makers will need to get adjusted to the demands of a coalition government, which

is critically dependent upon the support of the Left parties.

## Basu's protest

Alarm bells rang when the senior Marxist leader, Jyoti Basu, publicly voiced his unhappiness over the induction of foreign consultants. The suggestion now is that Dr. Singh will like to invite Mr. Basu for a discussion.

Prior to Mr. Basu's public

disapproval of the policies being pursued by the United Progressive Alliance Government, leaders of the Communist Party of India, the Communist Party of India (Marxist), the All-India Forward Bloc and the Revolutionary Socialist Party demanded that the Government reconsider the step to bring in representatives of the World Bank and an American consultancy group in the plan

body. "To include representatives of international agencies and foreign private companies, who have their own agendas and who are in no way accountable to the Indian people in the planning process, is an unwarranted step," the leaders said last week in a joint statement.

Earlier this month, the CPI general secretary, A.B. Bardhan, said that the UPA Government was taking the Left parties "too much for granted." His remarks came after the Union Commerce Minister, Kamal Nath, had released the new foreign trade policy. Mr. Bardhan took objection on the grounds that neither were the Left parties consulted nor were they even informed about the impending move to release the new policy.

বাম চাপ আসে আসুক

৩০/৯/০৮ ১৩/৯/০৮ ১৩/৯/০৮

# কংগ্রেসের নীতি, উত্তরে থাকো মৌন

জয়ন্ত ঘোষাল • নয়াদিল্লি

১২ সেপ্টেম্বর: উত্তরে থাকো মৌন। সিপিএম প্রকাশ্যে যতই হুমকি দিক, কংগ্রেসের শীর্ষ নেতৃত্বের রণকৌশল আপাতত চূপ করে থাকাই।

তাই মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের সমর্থন প্রত্যাহারের হুমকি, একান্ত সাক্ষাৎকারে প্রকাশ কারাটের লোকসভায় বিরুদ্ধে ভোট দেওয়ার কথা শুনেও প্রধানমন্ত্রী মনমোহন সিংহ, অর্থমন্ত্রী পি চিদম্বরম, দলনেত্রী সনিয়া গান্ধীও এই হুম্কারকে সেই রাজনৈতিক গুরুত্ব দিতে চাইছেন না। প্রধানমন্ত্রী সচিবালয় সূত্রে বলা হচ্ছে, বাম নেতারা আগাম জানিয়ে দিয়েছেন, পৃথক দল হিসেবে তাঁদের মতপার্থক্য প্রকাশ্যে জানাতেই হবে। নিজস্ব ‘কনস্টিটিউয়েন্সি’কে ধরে রাখাটাই তাঁদের রাজনৈতিক দায়বদ্ধতা। অন্য দিকে, কংগ্রেসের কৌশল, বাম নেতাদের সমালোচনার জবাব না-দিয়েই নিজেদের আর্থিক নীতির রূপায়ণে অটল থাকা।

চিদম্বরম এক প্রশ্নে বলেন, “বামদের সমালোচনা যা-ই হোক, এখন কিছু বলব না। আমাদের সবচেয়ে বড় মূলধন রাজনৈতিক সহিষ্ণুতা। বিমা বেসরকারীকরণের মতো বিষয়ে যেখানে বাম নেতাদের ঘোরতর আপত্তি, সেটিও আমরা আলোচনার মাধ্যমে তাদের বোঝাতে পারব বলে মনে করি। অনেক কিছু ওরা মেনে নিয়েছেন। বিমা সংস্থার কর্তাদের সঙ্গে বাম নেতাদের সরাসরি আলোচনার ব্যবস্থা করছি আমরা।” গোটা বিশ্বে বিমার বেসরকারীকরণে মানুষের উপকারই তো হচ্ছে। চিদম্বরম জানান, “বাম নেতাদের সঙ্গে আজ হঠাৎ ঘর করছি এমন তো নয়। অতীতেও এমন সরকারের অর্থমন্ত্রী ছিলাম, যেখানে দু’জন কমিউনিস্ট নেতা মন্ত্রিসভায় ছিলেন। (ইন্দ্রজিৎ গুপ্ত ও চতুরানন মিশ্র) তাই বাম নেতারা সরকারের অচলাবস্থার কারণ হবে বলে যারা মনে করছেন, তারা মূর্খের স্বর্গে বাস করছেন।”

সিপিএম ধীরে ধীরে সমালোচনাকে যখন ধারালো করছে, তখন কংগ্রেস নেতৃত্ব নীরবে তাঁদের আর্থিক কর্মসূচিগুলি রূপায়ণে মন দিয়েছেন। যে টেলিকম বিভাগের শতকরা ৭৬ ভাগ বিদেশি বিনিয়োগ নিয়ে বামেদের আপত্তি, সেই ক্ষেত্রে পূর্বতন সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের গোয়েন্দা শাখার নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হয়েছে। পূর্বতন সরকারের অরণ শৌরি যখন টেলিকম ক্ষেত্রে বিদেশি বিনিয়োগ করতে চেয়েছিলেন, তখন লালকৃষ্ণ আডবাণী নিরাপত্তার প্রশ্নে গোয়েন্দা রিপোর্টের আপত্তি দেখিয়ে সিদ্ধান্ত নিতে বাধা দেন। অনেকের ধারণা, আর এস এস তথা স্বদেশি জাগরণ মঞ্চও এই প্রস্তাবের বিরোধিতা করে। শিবরাজ পাটিলের স্বরাষ্ট্র মন্ত্রক কিন্তু গত সপ্তাহেই অর্থ মন্ত্রককে জানিয়েছে, টেলিকম ক্ষেত্রে প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে, এখন এই সিদ্ধান্ত রূপায়ণে বাধা নেই।

খনি বেসরকারীকরণ নিয়েও সরকার দ্রুত সিদ্ধান্ত নিতে চলেছে। অর্থ মন্ত্রক সূত্রে বলা হয়েছে, পশ্চিমবঙ্গ সরকারও খনি বেসরকারীকরণের প্রস্তাবে সম্মতি দিয়েছে। ১৭ সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর সঙ্গে দিল্লিতে বুদ্ধদেব ভট্টাচার্যের বৈঠক। এই বৈঠকেও মতপার্থক্য অবসানে প্রধানমন্ত্রী সচেষ্ট হবেন। প্রধানমন্ত্রীর সচিবালয় সূত্রে বলা হয়েছে, মুখ্যমন্ত্রী রাজ্যস্তরে যে ভাবে বিদেশি বিনিয়োগ করছেন ও আর্থিক সংস্কারের গতি বাড়াচ্ছেন, তাতে মনমোহন-চিদম্বরম-মটেক সিংহ অহলুওয়ালিয়া খুবই ‘সন্তুষ্ট’। সম্প্রতি মুম্বইয়ে দেশের প্রথম সারির শিল্পপতিদের সামনে বুদ্ধবাবু যে ভাবে সংস্কারের ডাক দিয়েছেন, এমনকী লন্ডন থেকে প্রকাশিত ‘ফাইন্যান্সিয়াল টাইমস’কে দেওয়া সাক্ষাৎকারেও যে ভাবে রাজ্যে বিনিয়োগের সম্ভাবনার কথা বলেছেন, তাতে কংগ্রেস শীর্ষ নেতৃত্ব খুশি। আবার প্রকাশ কারাট শুধু অর্থনীতি নয়, মণিপুর থেকে কাশ্মীর নানা প্রশ্নে সরকারের সমালোচনা করার পাশাপাশি জানিয়ে দিয়েছেন, সিপিএম সামগ্রিক ভাবে বিদেশি বিনিয়োগের বিপক্ষে নয়। এ ব্যাপারে কিছু কিছু ক্ষেত্রে সতর্কতা গ্রহণের পক্ষে। কাজেই প্রভিডেন্ট ফান্ডে সুদের হারের মতো বিষয় নিয়ে ট্রেড ইউনিয়নকে কিছুটা খুশি রাখার চেষ্টা যেমন আছে, তেমনি সিপিএম আর্থিক সংস্কারের প্রশ্নে পুরনো নীতিতেও আমূল পরিবর্তন এনেছে। মনমোহনও বলেছেন, ১৯৯১ থেকে ’৯৫ সালের সঙ্গে আজকের সময়ে অনেক বদল এসেছে। তাই সাবেকি মনমোহনের আর্থিক নীতিতেও অনেক বদল এসেছে। এখন মনমোহনও বারবার মানবিক দিকটির কথা বলছেন।

প্রধানমন্ত্রীর সচিবালয় সূত্রে তাই বলা হচ্ছে, “বুদ্ধদেব সমর্থন প্রত্যাহারের হুমকি দিলেও আমরা জানি এই দ্বৈধতার মধ্যে এক নিবিড় ঐক্য আছে। মতপার্থক্য মানেই সংঘাত নয়। আর তাই আমাদেরও কিছু বলার নেই।”

• অনিলের কণ্ঠে বুদ্ধেরই সুর.... পৃঃ ৬

# Singh changes tune

OUR BUREAU

**New Delhi, Sept. 11:** Manmohan Singh is distancing himself from the controversy over the inclusion of World Bank experts in the Planning Commission's consultative groups.

The Prime Minister, well-placed sources said, was not "particularly excited" by the idea and thought it was an "avoidable controversy". He also felt it had been "blown out of proportion".

Led by Jyoti Basu, the Left has condemned the induction of experts from international institutions, including the World Bank. Yesterday, Basu said: "We are not satisfied with the functioning of the government."

Singh's first response to Left criticism was to defend Planning Commission deputy chair, Man Montek Singh Ahluwalia, who had clarified that the experts were included only to provide inputs for mid-term

appraisal of the Tenth Plan.

But the Prime Minister reportedly "revised" his stand after getting inputs from the Congress that the Left should be mollified.

Singh, the sources added, could not be expected to go into the "nitty-gritty of what committees were constituted or start speaking to individual ministers and heads of commissions on how to run their departments".

The Left has urged the government to reconsider the move and sought an explanation why it wanted World Bank representation when the Congress in Andhra Pradesh had held the institution's structural adjustment policies responsible for the plight of farmers and other marginalised sections. Basu said the World Bank had always given wrong advice on crucial issues.

Initially, the government did not treat seriously what

sources called another Left "whine". But after Basu lent his voice to the protest, Singh had to revisit the proposal because the government depends on the "good offices" of the CPM leader and his party colleague Harkishen Singh Surjeet to rein in the "hardliners".

CPM sources, however, said Basu was only "echoing" his party's line to send the message to the rank and file that it had not deviated from its anti-Congressism.

In the government's perception, there are two areas of dealing with the Left: one, "ideology-centred" and economic policies and two, high-level appointments. On ideology, sources close to Singh said he was clear that there could be a clash.

"If Left and Congress agreed on everything, the former may well have joined the government," said a PMO official.

# Cong ignores Left snipes

SHAHID PERVEZ  
STATESMAN NEWS SERVICE

NEW DELHI, Sept. 11. — The Congress high command has chosen to "ignore" the Left parties' criticism of the UPA government's policies and performance, preferring not to take them seriously.

In the wake of recent attacks on the Manmohan Singh government by CPI-M leaders like Mr Prakash Karat, and more significantly by Mr Jyoti Basu, as well as the CPI leadership on issues ranging from the new foreign trade policy, FDI and "de-saffronisation of education", the Congress central leadership has barely displayed any signs of urgency, sticking to its "take-it-easy approach vis-a-vis the Left".

The Congress high command understands the Left's "political compulsions". "They have to make noises against the government's policy from time to time on a range of their pet issues in order to play to their constituencies," Congress sources said.

"The Congress leadership knows that the Left is not going to pull the plug from the government under normal circumstances as prevailing now, which it expects to continue for five years," sources said, referring to the statements made by Mr Sitaram Yechury and, more importantly, the CPI-M ideologue Mr Karat that "the Left would like to ensure the government's survival for five years".

There is also a view in party circles that there is a "tacit understanding" between the Congress and the Left on the matter. "Both the parties have agreed to disagree on contentious economic issues without allowing the dispute to rock the government's boat," sources said. To reinforce the point, sources referred to the government's move such as the fuel hike, which "it had not undertaken at all, if the Left would have put its foot down and vetoed the move".

## Party to contest all 60 seats in Arunachal

NEW DELHI, Sept. 11. — The Congress will contest all the 60 Assembly seats in Arunachal Pradesh even as the party's Central Election Committee is believed to have cleared the names of 52 candidates today. "The Congress has decided to contest all the 60 seats in the state. The committee had a discussion on all the seats," said CWC member in-charge of the North-east, Mr Ramesh Chennithala, after a CEC meeting chaired by the AICC chief Mrs Sonia Gandhi at her residence here this evening. Sources said the CEC has approved the candidates for 52 seats. A majority of them are understood to be sitting party MLAs, sources said. The CEC is likely to meet again shortly and finalise candidates for the 7 October Arunachal assembly polls, said Mr Chennithala. — SNS

The "arrangement" suits the Congress fine as the party would like to go ahead with its own way of governance while giving the Left "an outlet to vent their grievances. The Congress constituted a consultative panel with the Left precisely for this purpose. The Congress would like to assuage the Left's "bruised sentiments" at regular intervals.

For the record, the AICC's standard reply to the sniping from the Left leaders continues to be: "Everything is just fine, every coalition partner is entitled to have its own views, this is the democratic practice, there is no question of any confrontation, the differences with the Left will be bridged at the UPA government-Left coordination committee meeting."

12 SEP 2004

# Left hands wishlist to Centre

HT Correspondent  
New Delhi, September 9

LEFT LEADERS today met to prepare for this month-end's UPA-Left Front coordination committee meeting, and expressed anger at the government for not taking their suggestions seriously.

Left parties today listed several issues they considered "priority items" for the government to take up and said they would discuss the situation in Manipur and J&K with the ruling UPA

coalition later this month. "We have listed several issues, including urgent political ones like the situation in Manipur and J&K. These two issues have to be seriously discussed at the Coordination Committee (between left parties and the UPA government)," CPI general secretary A.B. Bardhan told reporters after a meeting of the four Left parties here.

Asked about the government's response on FDI in insurance and telecom sectors and other issues raised

at the previous meeting of the committee, RSP leader Abani Roy said, "The government has assured us active consideration (of these issues). We are still awaiting their response."

The next meeting of the Coordination Committee between UPA government and the Left parties is likely to be held in the last week of this month. The Left issues include enacting of a National Employment Guarantee Act to provide employment to the rural poor. Provision of

drinking water and a comprehensive legislation on agricultural workers should also be given priority, the CPI leader said.

Reiterating their demand that there should be "no privatisation" of airports, the Left parties would like to have a discussion on the modernisation and restructuring of Mumbai and Delhi airports, he said. Bardhan said "certain points" in the new Exim policy announced by the Commerce Ministry should be reconsidered.

## Priority issues

- ▶ Enactment of a National Employment Guarantee Act
- ▶ Provision of drinking water and an Act on agricultural workers
- ▶ A discussion on the modernisation of Mumbai and Delhi airports
- ▶ Reconsideration of some points in the new Exim policy

# Reds Unhappy With Centre's Lack Of Sensitivity In Addressing Concerns Of Poor Left uses common man to strike back

Our Political Bureau  
NEW DELHI 9 SEPTEMBER

**U**NDETERRED by the almost certain rejection of its plea against raising the DI cap in the telecom sector, the Left on Thursday lined out its next list of grouses against the JPA government. This time its nemesis is the common man and the lack of sensitivity on part of the ruling regime in addressing concerns of the poor.

The four Left parties, which had their coordination committee meeting on Thursday, decided to ask Manmohan Singh government to prioritise its agenda and focus attention on issues such as employment generation scheme, legislation for agricultural workers, provision for drinking water and food-for-work programme.

"We feel the priority items listed in the Common Minimum Programme, which affect 90% of the people especially those in the rural areas, must be addressed by the government immediately," CPI general secretary A.B. Bardhan told reporters after the meeting. Apart from its pet concerns on economic front, the Left also included political issues like Jammu & Kashmir and Manipur.

The Left is not happy with the way the state and central governments are handling the situation in Manipur. The CPI had blamed the government for the Manipur situation and has been demanding action against the guilty in the Manorama Devi case and shifting of Assam Rifles out of Kangla fort.

The next Left-UPA meeting, which is likely to be held in the last week of this month after the Prime Minister returns from his foreign tour, will also discuss the restructuring of airports.

The Left, which has been opposing privatisation of airports, will also ask the government to explain its "overall approach" on the matter. The Left parties have also been critical of the government's new foreign trade policy. At the meeting, the Left leaders are expected to demand a review of proposals that will "go against the interest of domestic market and farmers".

The Left, however, refrained from saying as to what their future course would be if the government decides to ignore their demands.

Apart from Mr Bardhan, Thursday's meeting was attended by Prakash Karat, D. Raja, Debabrata Biswas and Manoj Bhattacharya.



**PANEL CODE:** Prime Minister Manmohan Singh with deputy chairman of Planning Commission Montek Singh Ahluwalia and defence minister Pranab Mukherjee at the first meeting of the Planning Commission in New Delhi on Thursday. — PTI

## Doc backs Plan panel, brushes off Left protests

Our Political Bureau  
NEW DELHI 9 SEPTEMBER

**I**N A gentle snub for the Leftists, Prime Minister Manmohan Singh on Thursday defended the Planning Commission's decision to involve "outside experts" in the process of mid-term appraisal.

A day after the Left unleashed an offensive against the Plan panel's deputy chairman Montek Singh Ahluwalia for including representatives of the World Bank, ADB and Ameri-

can consultancy groups in the Plan assessment exercise, the Prime Minister said the exercise was a useful one and complimented the Plan panel for starting the process of mid-term appraisal in right earnest.

"The commission has started the process in right earnest, including extensive consultations with central ministries, state governments and outside experts," Dr Singh said.

The four Left parties had, on Wednesday, questioned the merit of involving outside ex-

perts and asked the government to "reconsider" the move. Describing the step as "unwarranted", the Leftists had asked Dr Singh to "explain why it wants World Bank representation in the commission when the Congress in Andhra Pradesh has held the World Bank's structural adjustment policies responsible for the plight of farmers and ordinary people in the state."

Mr Ahluwalia clarified there was "no representation of outside bodies in the working of the Planning Commission.



## বিশ্বব্যাঙ্ক, এডিবি-র শলা নিত্তে নারাজ বামেদ

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ৮  
সেপ্টেম্বর: যোজনা কমিশনের সংশ্লিষ্ট  
উনিশটি পরামর্শদাতা কমিটির মধ্যে  
বিশ্বব্যাঙ্ক, এশিয়ান ডেভেলপমেন্ট  
ব্যাঙ্ক ও ম্যাকিনসের অন্তর্ভুক্তি নিয়ে  
বিতর্ক দানা বেঁধেছে। আজ চারটি বাম  
দল এক যৌথ বিবৃতিতে সরকারকে  
এই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করার দাবি  
জানিয়েছে। কিন্তু যোজনা কমিশনের  
ডেপুটি চেয়ারম্যান মস্টেক সিংহ  
অহলুওয়ালিয়া এই সিদ্ধান্তের স্বপক্ষে  
যুক্তি দিয়ে বলেছেন, “এর ফলে  
যোজনা প্রকল্পগুলির অগ্রগতি ও  
নীতির কার্যকারিতা নিয়ে অন্যদের  
মতামত পাওয়া যাবে।” কমিশনের  
নিজস্ব কাজের পরিধিতে এই  
সংস্থাগুলির কোনও প্রতিনিধি নেই  
বলেও তিনি জানিয়েছেন।

কাল পূর্ণ কমিশনের বৈঠক বসছে।  
সেই বৈঠকের উদ্বোধন করবেন  
প্রধানমন্ত্রী মনমোহন সিংহ। তার  
আগের দিনই আজ ব্রহ্ম নেতারা  
আন্তর্জাতিক সংস্থাগুলির অন্তর্ভুক্তির

বিরোধিতা করেছেন। তাঁরা বলেছেন,  
“এই প্রথম এই ধরনের সংস্থার  
প্রতিনিধিদের এই কমিটিগুলিতে স্থান  
দেওয়া হয়েছে।” তাঁদের বক্তব্য এই  
সংস্থাগুলির নিজস্ব কর্মসূচি আছে এবং  
এরা ভারতের জনগণের কাছে দায়বদ্ধ  
নন। বিশ্বব্যাঙ্কের প্রভাবে অজ্ঞে কৃষক  
ও সাধারণ মানুষ দুর্দশায় পড়েছেন বলে  
ভোটের আগে কংগ্রেস যে মন্তব্য  
করেছিল, তাও তাঁরা মনে করিয়ে দেন।

পরে অহলুওয়ালিয়া এই  
সংস্থাগুলির অন্তর্ভুক্তির পক্ষে যুক্তি  
দেন। তাঁর বক্তব্য, এই সংস্থার  
প্রতিনিধিরা শুধুই পরামর্শ দেওয়ার  
জন্য থাকবেন এবং এখনকার দিনে এই  
ধরনের পরামর্শের খুবই প্রয়োজন  
রয়েছে। কমিশনের এই ধরনের  
উনিশটি পরামর্শদাতা কমিটি  
কংগ্রেসের তরফে মুখপাত্র জয়ন্তী  
নটরাজন বলেছেন, বামেদের সঙ্গে এ  
বিষয়ে মতদ্বৈধ তৈরি হলে তা শাসক  
জোট ও বামেদের সমন্বয় কমিটির  
বৈঠকেই মিটিয়ে নেওয়া হবে।

## অশিষ্ট মন্তব্য নিয়ে অটল চুপ কেন, প্রশ্ন কংগ্রেসের

৭৭ স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ৬  
সেপ্টেম্বর: প্রধানমন্ত্রী মনমোহন  
সিংহকে 'শিখণ্ডী' বলার পরেও ক্ষমা  
চাইতে নারাজ প্রাক্তন অর্থ ও  
বিদেশমন্ত্রী যশবন্ত সিংহ। সম্প্রতি  
মনমোহনের বিরুদ্ধে বিরোধী  
নেতাদের প্রতি অশিষ্টতার অভিযোগ  
আনার পরে বিজেপি'রই প্রথম সারির  
নেতার এই 'অমর্যাদাকর মন্তব্য'কে  
কেন্দ্র করে রীতিমতো জলঘোলা  
হচ্ছে। শুধু যশবন্তই নয়,  
উত্তরপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী  
কল্যাণ সিংহও প্রধানমন্ত্রীকে 'পালতু'  
(হিন্দিতে যার অর্থ 'পোষা' এবং  
জীবজন্তুর ক্ষেত্রেই এই বিশেষণ  
ব্যবহার করা হয়) বলেছেন। কংগ্রেস  
আগেই দাবি জানিয়েছিল, যশবন্তকে  
ক্ষমা চাইতে হবে। আজ দলের  
মুখপাত্র আনন্দ শর্মার প্রশ্ন, প্রাক্তন  
প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ী চুপ  
কেন? তিনি কি এই ধরনের মন্তব্য  
সমর্থন করছেন? না করলে  
যশবন্তদের বিরুদ্ধে কী ব্যবস্থা নেবেন  
তা সাফ জানান বাজপেয়ী।

বিজেপি অবশ্য এখনও যশবন্তের  
পাশেই রয়েছে। দলের মুখপাত্র  
অরুণ জেটলির বক্তব্য, অশিষ্ট ভাষা  
ব্যবহার করা উচিত নয়। কিন্তু  
দু'পক্ষকেই তা মানতে হবে। কিছু  
দিন আগে প্রিয়রঞ্জন দাশমুন্সি  
বিজেপি নেতাদের প্রতি অশিষ্ট ভাষা  
ব্যবহার করেছেন। কংগ্রেসের শরিক  
নেতা লালু কাল আডবাণী ও অমর  
সিংহের বিরুদ্ধে অত্যন্ত খারাপ ভাষা  
ব্যবহার করেছেন। কংগ্রেস সে  
ব্যাপারে চুপ কেন? লালুর মন্তব্যের  
কোনও দায় অবশ্য কংগ্রেস নিচ্ছে  
না। তাঁরা উল্টে মনমোহন ও সনিয়ার  
বিরুদ্ধে 'অমর্যাদাকর ব্যক্তিগত  
আক্রমণ' চালানোর জন্য বিজেপিকে  
অভিযুক্ত করেছে।

# Sinha defends remarks on PM

Statesman News Service


KOLKATA, Sept. 6. — Senior BJP leader Mr Yashwant Sinha today said he had every reason to stand by his remark that Prime Minister Dr Manmohan Singh is a puppet. Mr Sinha was in the city for the inauguration of the regional centre of a private educational institute.

"I am not going to offer an apology for calling the Prime Minister a puppet. I made that statement in Bangalore and had every reason to do so," said Mr Sinha, holding up an advertisement "published in newspapers on behalf of the Congress-led Karnataka government that had shown Uma Bharati in a bad light". The former finance and foreign minister chided the Karnataka government for its "malicious attempt to tarnish the image of Miss Bharati and the BJP".

The former minister said that he believed: "There are four power centres at the Centre. One is Mrs Sonia Gandhi, the second one is run by Mr Lalu Prasad Yadav, and the third one is the Left. Whatever is left, is for the Prime Minister Dr Manmohan Singh to take care of."

Mr Sinha came down heavily upon the Prime Minister for keeping the tainted ministers in the Cabinet. "The selection of ministers is the prerogative of the Prime Minister and Dr Singh cannot get away from the responsibility of taking tainted ministers in his Cabinet," the BJP leader said. "Whenever Dr Singh is cornered on the issue, he calls for a national consensus on the criminalisation of politics, which is farcical," he added.

On being asked whether such tit for tat repartees are in bad taste, lowering the standards of behaviour of political leaders, Mr Sinha shot back: "Why should you expect us to be decent, nice and gentlemanly when, those in the Treas-



Mr Yashwant Sinha with former UP Governor Mr Romesh Bhandari at Kolkata on Monday.

— The Statesman

ury bench like Mr Lalu Prasad is making unsavoury remarks against Mr LK Advani."

While speaking at the inaugural function of the regional centre of the Indian Institute of Hardware Technology, Mr Sinha suggested that West Bengal strive to emerge as the major hardware and networking centre of the country. "There are enough centres focussing on software. Kolkata and West Bengal should better be concentrating on hardware and networking," he said. Former Governor of Uttar Pradesh, Mr Romesh Bhandari, and IT principal secretary Dr GD Gautama also spoke on the occasion.

## BJP defensive on Shikhandi slur

Statesman News Service

NEW DELHI, Sept. 6. — The BJP today cited Mr Lalu Prasad's intemperate language to defend Mr Yashwant Sinha terming Prime Minister Dr Manmohan Singh "as shikhandi", a warrior in *The Mahabharat* whom Arjun used as a shield to kill Bhishma.

Taking umbrage at the description, the Congress charged Mr Sinha with lowering the dignity of PMO and asked Mr AB Vajpayee to clarify his position on Mr Sinha's language.

"The remark yet again betrayed the BJP's mindset and its perverse political character and culture," AICC spokesman Mr Anand Sharma said and described the language as "intemperate and vulgar".

The BJP, which was clearly on the back foot, was unable to decide whether Mr Yashwant Sinha made a political statement after being provoked by such expressions from UPA lead-

ers or allowed his personal equations with Dr Singh to get the better of him.

"You consider him great but he is not as innocent as he looks" he had told BJP leaders after Dr Singh's meeting with an Opposition delegation turned sour and described Dr Singh as a "puppet Prime Minister" who was trying to "finish off the BJP" in Bangalore.

There are many BJP leaders who say that there was no provocation for Mr Sinha to bring the political debate to a new low. Party general secretary Mr Arun Jaitley, tried to put up a brave face by saying that those demanding an apology had maintained a "selective silence" when railway minister Mr Lalu Prasad used objectionable remarks against Mr LK Advani and Mr Amar Singh.

"If the Congress wants the language of politics and political debate to be redefined it will have to be a two-way process," Mr Jaitley said.

# Aiyar's views his own: PM

STATESMAN NEWS SERVICE

NEW DELHI, Sept 4. — Terming it "an unnecessary controversy," the Prime Minister today distanced himself from his Cabinet colleague, Mr Mani Shankar Aiyar's comments on Veer Savarkar. Responding to a question at his first press conference, Dr Manmohan Singh said the views expressed were "personal" and "not those of the government".

Describing Savarkar as a "patriot" and a "freedom fighter", Dr Singh said there were some aspects of his life with which "we did not agree", but he did not think any good came out of criticising a dead person. He (Savarkar) was also a co-accused in the Gandhi murder case but was acquitted. "As far as the Savarkar controversy is concerned, these are Aiyar's personal views and not of the government... it is an unnecessary controversy," he said.

Answering a wide range of questions at his maiden press conference, the Prime Minister, describing it as "a great honour" (to be PM,



**'It is not in my nature to promise a false dawn, but I do believe in the ancient saying that a road is made by walking step by step'**

even though he was "not an aspirant") said his government would last its entire term of five years and suggested that he would be pressured into quitting were "misconceptions". There were no two power centres in the government, he said, and they would "very soon" bring an Ordinance to repeal the Prevention of Terrorism Act (Pota).

He called for all political parties to sit together to evolve a code of conduct to keep "tainted" persons away from Parlia-

ment and governance. "It is our intention to come with an Ordinance to repeal Pota very soon," he said, regretting that Pota could not be repealed through a Bill in Parliament during its last session as the two Houses could not function.

Denying that the government did not make any effort to break the deadlock over the "tainted" ministers issue, he said the impression that he was not amenable for talks with the Opposition leaders was incorrect, but called his alleged tiff "a closed chapter".

On the eve of the India-Pakistan foreign ministers' talks, Dr Singh said that infiltration from Pakistan must end for the success of the composite dialogue process. Progress has to be "measured step by step", he said, but his government has "gone through the exercise of completing the first round of composite dialogue with Pakistan"

within its first 100 days, an indication of the government's commitment to the process. "What we have achieved is not insignificant. Our approach to talks will be based on realism and the belief that the people of South Asia are bound together by a shared destiny," he said. "It is not in my nature to promise a false dawn, but I do believe in the ancient saying that a road is made by walking step by step," Dr Singh said.

His first meeting with President Musharraf, due on the sidelines of the UN General Assembly session later this month, would be in the "nature of mutual comprehension", and his agenda would be to "expand and normalise our multifaceted relationship."

**UPA govt headed by a Shikhandi: Sinha, page 7**  
**Ritual tiff before neighbours talk. page 10**

9.p.p. up & 55-1 59

# ‘দাগি’ রাখতে আইন চান মনমোহন

সব ঝাঙ্কি  
সামলে নেব,  
আত্মবিশ্বাসী  
প্রধানমন্ত্রী

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ৪ সেপ্টেম্বর: আইন করে দাগি ব্যক্তিদের সংসদে প্রবেশাধিকার বন্ধ করা দরকার বলে মনে করেন প্রধানমন্ত্রী মনমোহন সিংহ। ক্ষমতায় আসার পর থেকেই দাগি মন্ত্রীদের হটানোর দাবিতে বিরোধীদের প্রবল চাপের রাজনৈতিক মোকাবিলা করতে হয়েছে তাঁকে। কিন্তু তাঁর নিজের কথায়, দাগি ব্যক্তির সাংসদ হিসাবে সংসদে আইন প্রণয়নে অংশ নিতে পারলে তাঁদের মন্ত্রী হওয়ারই বা অসুবিধা কোথায়? তাই সমস্যার একেবারে মূলে গিয়ে সমাধান করতে হবে। দাগিরা যাতে সাংসদই হতে না পারেন সেই ব্যবস্থা করতে হবে। প্রধানমন্ত্রী হওয়ার পর মনমোহন জানিয়ে দিয়েছিলেন, জোট রাজনীতির জন্য বাধ্য হয়েই দাগি মন্ত্রীদের সঙ্গে রাখতে হয়েছে। আজ প্রধানমন্ত্রী হিসাবে প্রথম সাংবাদিক সম্মেলনে তাঁর প্রস্তাব, সব রাজনৈতিক দল একসঙ্গে বসুক। নির্বাচনী আইন সংশোধনে রাজি হোক। তা হলে রাজনীতির অপরাধীদের অনুপ্রবেশ রোধ করা সম্ভব হবে।

দাগি মন্ত্রীদের বিষয়টি নিয়ে বিজেপি-সহ বিরোধী দলগুলি যত হইচই-ই করুক না কেন প্রত্যেক দলেই বেশ কিছু দাগি সাংসদ আছেন। সাংসদের যাবতীয় অধিকারও তাঁরা ভোগ করেন। বিজেপি-র মতে, একজন দাগি ব্যক্তি সাংসদ হতে পারে। সেটা আটকানো সম্ভব নয়। কিন্তু তাঁকে মন্ত্রী করা একান্তই প্রধানমন্ত্রীর ব্যাপার। তিনি কেন এ ক্ষেত্রে বিবেক ও বিবেচনাবোধ প্রয়োগ করবেন না? এই যুক্তিতেই দাগি মন্ত্রীদের অপসারণের দাবিতে দিনের পর দিন সংসদ অচল রেখেছে বিজেপি। মনমোহন কিন্তু সমস্যাকে অন্য ভাবে দেখছেন। তিনি মনে করেন, কেউ সাংসদ হলে তাঁর এলাকার লোকেরও একটা প্রত্যাশা থাকে যে তিনি মন্ত্রী হবেন। তা ছাড়া কে দাগি, কে নয়, তা-ই বা কী করে ঠিক হবে? সব থেকে ভাল, আইন করে এই সমস্যা চিরতরে মেটানো।

প্রধানমন্ত্রী হওয়ার পর একশো দিন অতিক্রান্ত। এই একশো দিন খুব অনায়াসে কাটাননি মনমোহন। দাগি মন্ত্রী, সাংসদ, তাঁর আচরণ নিয়ে সংসদের প্রায় পুরো সময়টাই অচল রেখেছে বিরোধীরা। মুদ্রাস্ফীতিকে লাগাম পরানো যায়নি। জল সমস্যা নিয়ে পঞ্জাব ও সেনাবাহিনীর বিশেষ ক্ষমতা আইন প্রত্যাহারের দাবিতে মণিপুর অন্য পথে হেঁটেছে। একই



প্রধানমন্ত্রী হওয়ার পরে প্রথম সাংবাদিক বৈঠকে মনমোহন সিংহ। শনিবার দিল্লিতে। — এ এফ পি

সঙ্গে খরা ও বন্যার মোকাবিলা করতে হয়েছে। এই অবস্থায় প্রধানমন্ত্রীর আত্মবিশ্বাসী বক্তব্য, একশো দিন খুব বেশি সময় নয়। তিনি সব সামলে নেবেন। সরকার খোলা মনে সব সমস্যার মোকাবিলা করছে। অভিন্ন ন্যূনতম কর্মসূচি রূপায়ণের কাজ শুরু হয়ে গিয়েছে। অদূর ভবিষ্যতে যে কাজ তিনি করবেন তারও একটা রূপরেখা দিয়েছেন প্রধানমন্ত্রী। সেই কর্মসূচির প্রথমই রয়েছে পোটার বিলোপ। সরকার অর্ডিন্যান্স করে পোটাও বিলোপ করবে। সংসদ অচল থাকায় একটাও বিল পেশ করা যায়নি। তাই পোটার বিলোপে অর্ডিন্যান্সই হবে বলে জানিয়েছেন মনমোহন। আর ছাত্রছাত্রীদের জন্য মিড ডে মিল প্রকল্পটির সম্প্রসারণ হবে। কর্মসংস্থান বাড়ানোর কাজের বিনিময়ে খাদ্য প্রকল্পটি নতুন করে চালু করা হবে। সেই সঙ্গে শিক্ষাক্ষেত্রকে রাজনীতি ও আমলাতন্ত্রের আওতা থেকে মুক্ত করা হবে। আর জোর দেওয়া হবে কৃষির

উপর। মনমোহনের বক্তব্য, “কৃষিতে গত পাঁচ বছরে যে নজর দেওয়া উচিত ছিল তা দেওয়া হয়নি। কৃষকদের ঋণের বিষয়টির শীঘ্রই ফয়সালা হবে। ঋণের পরিমাণ আগামী তিন বছরে দ্বিগুণ করা হবে।”

পঞ্জাব ও মণিপুরে কংগ্রেসের সরকার যে ভাবে কেন্দ্রের তোয়াক্কা না করে এক দিকে জলবন্টন চুক্তি বাতিল করে আইন পাশ করেছে ও অন্য দিকে সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন কিছু জায়গায় বাতিল করেছে সে প্রসঙ্গে এক প্রশ্নের উত্তরে মনমোহনের পরিষ্কার বক্তব্য, এ রকম সঙ্কট আগেও তৈরি হয়েছে। ১৯৯১ সালে কাবেরীর জল নিয়ে কণ্টক সরকারের একটি অর্ডিন্যান্স এই সঙ্কট তৈরি করেছিল। কিন্তু পরে আদালতে তা বাতিল হয়ে যায়। সম্ভবত এ কথা উল্লেখ করে এ বিষয়ে নিজের মত স্পষ্ট করে দিতে চাইলেন মনমোহন। জলবন্টন মামলার সমাধান করবে সুপ্রিম কোর্ট। তাঁর সরকার সেই সমাধানের জন্য অপেক্ষা

করছে। নদী সংযোগ কর্মসূচি নিয়েও চিন্তা ভাবনার পরে সিদ্ধান্ত নেবেন। এ বিষয়ে সব সম্ভাবনা খতিয়ে দেখা হচ্ছে। সশস্ত্র বাহিনী আইনে পরিবর্তন এনে মণিপুর সরকার ডুল কিছু করেনি বলেও জানিয়ে দিয়েছেন। প্রধানমন্ত্রী জানান, মণিপুরের সিদ্ধান্তে কেন্দ্র-রাজ্য সম্পর্কে কোনও প্রভাব পড়বে না।

প্রধানমন্ত্রী স্পষ্ট জানিয়ে দেন, সংস্কার চলবে। তবে ১৯৯১ সালে অর্থমন্ত্রী হিসাবে তিনি যা করেছিলেন, ২০০৪ সালে সেই একই কাজ করবেন না। বরং জোর দেবেন কৃষি ও কর্মসংস্থানের উপরে।

লোকসভা ও বিধানসভায় মহিলাদের জন্য সংরক্ষণের বিষয়টি নিয়েও তাঁর সরকার লড়ে যাবে বলে ইঙ্গিত দিয়েছেন মনমোহন।

